গণতন্ত্রে জনগণের আস্থাই সবচেয়ে বড় শক্তি: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাষ্ট্রীয় নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি জনগণের সঙ্গে সরকারপ্রধানের স্বাভাবিক যোগাযোগ অটুট রাখার ওপর গুরুত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, নিরাপত্তা কৌশল এমনভাবে নির্ধারণ করতে হবে, যাতে সাধারণ মানুষের মধ্যে বিচ্ছিন্নতার অনুভূতি তৈরি না হয়।

রোববার (৫ জুলাই) ঢাকা সেনানিবাসে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের (পিজিআর) ৫১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, গণতান্ত্রিক ব্যবস্থায় জনগণের আস্থা ও বিশ্বাসই সরকারপ্রধানের সবচেয়ে বড় শক্তি। তাই নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনে এমন কোনো ব্যবস্থা নেওয়া উচিত নয়, যা সরকার ও জনগণের দূরত্ব বাড়িয়ে দেয়।

পিজিআরের সদস্যদের উদ্দেশে তিনি বলেন, বিশেষায়িত বাহিনী হিসেবে আধুনিক প্রশিক্ষণ, প্রযুক্তি ও পেশাগত দক্ষতায় সর্বোচ্চ মান বজায় রাখতে হবে। পরিবর্তিত বৈশ্বিক বাস্তবতায় নিজেদের সক্ষমতা নিয়মিত উন্নত করারও প্রয়োজন রয়েছে।

তিনি আরও বলেন, শৃঙ্খলা, পেশাদারিত্ব ও দায়িত্বশীলতার সঙ্গে দায়িত্ব পালন করলে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব আরও সুদৃঢ় হবে। পাশাপাশি সাইবার নিরাপত্তাসহ নতুন ধরনের হুমকি মোকাবিলায় সব নিরাপত্তা বাহিনীকে সমন্বিতভাবে প্রস্তুত থাকার আহ্বান জানান প্রধানমন্ত্রী।